



## শিক্ষা মন্ত্রণালয়ের অজ্ঞতা আগামীকাল থেকে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে

।। স্টাফ রিপোর্টার ।।  
আগামীকাল (শনিবার) থেকে দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। এবার ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর বোর্ডে মোট ৩ লাখ ৬৬ হাজার ৪শ' ৪০ শেখ পঃ ৫-এর কঃ দেওয়া

### এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর  
জন ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে বলে আশা করা হচ্ছে। এদিকে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট জনৈক যুগ্ম-সচিবকে এসএসসি পরীক্ষার ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি "এসএসসি, টেসএসসি জানি না" বলে জানিয়েছেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট উপ-সচিবও অজ্ঞতা প্রকাশ করেন। এসএসসি পরীক্ষার ব্যাপারে প্রতিবেদক গতকাল নিজেই মন্ত্রণালয়ের পিআরও'র কাছে জানতে চাইলে তিনি সচিবের কথা উল্লেখ করেন। সচিবের পিএসকে জিজ্ঞেস করলে তিনি উপ-সচিবের কথা বলেন। উপ-সচিবের কাছে জানতে চাইলে তিনি বলেন, আমি নতুন এসেছি। আপনি দয়া করে যুগ্ম-সচিবের কাছে যান। যুগ্ম-সচিবের কাছে গেলে তিনি ক্ষিপ্তকণ্ঠে উপরোক্ত উত্তর দেন।  
উল্লেখ্য, চারটি বোর্ডের পরীক্ষা ও ফলাফলের বিষয়ে সংশ্লিষ্ট সাধনের উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সচিবকে সভাপতি করে ইতিপূর্বে একটি 'বোর্ড সমন্বয় কমিটি' গঠন করা হয়।  
এবারের এসএসসি পরীক্ষার ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের অজ্ঞতা ও অনীহার প্রকাশ ঘটলেও দেশের চারটি বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকগণ সূচু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন।  
এবার ঢাকা বোর্ডে এক লাখ ১৩ হাজার ২শ' ৬০ জন ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। এর মধ্যে ৭৬ হাজার ৭শ' ৩১ জন পুরুষ ও ৩৬ হাজার ৫শ' ২৯ জন মহিলা পরীক্ষার্থী রয়েছে। ঢাকা বোর্ডের অধীনে মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হচ্ছে ১ শ' ৩৭টি।  
কুমিল্লা বোর্ডে এবার এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে প্রায় ৮৬ হাজার। এর মধ্যে পুরুষ প্রায় ৬০ হাজার এবং মহিলা প্রায় ২৬ হাজার। এ বোর্ডে মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হচ্ছে ১ শ' ৪২টি।  
রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ৮৭ হাজার ৫শ' ছাত্র-ছাত্রী এবার এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। এর মধ্যে প্রায় ৬৭ হাজার ছাত্র ও প্রায় ২০ হাজার ছাত্রী রয়েছে। এ বোর্ডে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হচ্ছে ১ শ' ৬০টি।  
যশোর বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৭৯ হাজার ৭শ' ৭৫ জন। এবার যশোর বোর্ডে ১ শ' ৫০টি পরীক্ষা কেন্দ্র এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।